

# যুগান্তর

প্রিন্ট: ২৯ এপ্রিল ২০২৫, ০৮:০৬ এএম

অন্যান্য

## বেসরকারি স্কুল-কলেজে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের জন্য সুখবর



যুগান্তর প্রতিবেদন

প্রকাশ: ২৫ এপ্রিল ২০২৫, ০৯:৪৫ পিএম



শিক্ষা মন্ত্রণালয়

বেসরকারি স্কুল-কলেজে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের বিষয়ে সুখবর দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এখন থেকে প্রতি শ্রেণিতে ৫৫ জন করে শিক্ষার্থী ভর্তি করা যাবে। বুধবার এ নীতিমালা সংশোধন করে পরিপত্র জারি করে শিক্ষা মন্ত্রণালয়।

জানা যায়, মন্ত্রণালয় বেসরকারি শিক্ষাপ্রতিষ্ঠানের জনবল কাঠামো ও এমপিও নীতিমালা সংশোধন করেছে। এ অনুযায়ী প্রতিটি একক শ্রেণিতে সর্বোচ্চ শিক্ষার্থীর সংখ্যা হবে ৫৫ জন। আগে শিক্ষার্থী ভর্তির সর্বোচ্চ সীমা ছিল ৪০ জন।

প্রতিষ্ঠানগুলো সেই হিসেবে সংশোধিত নীতিমালায় ১৫ জন বেশি শিক্ষার্থী ভর্তি করাতে পারবে। এছাড়া সর্বোচ্চ তিনটি শাখা (মূল শাখা একটি ও অতিরিক্ত দুটি) থাকবে। প্রতিটি শ্রেণিতে অনুমোদিত শাখায় কর্মরত শিক্ষকের বাইরে এমপিও দেওয়া যাবে না।

সংশোধিত নীতিমালা অনুযায়ী একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত কোনো মাধ্যমিক বিদ্যালয়ের মাধ্যমিক স্তর এমপিওভুক্ত না হয়ে কেবল নিম্নমাধ্যমিক স্তর (ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি পর্যন্ত) এমপিওভুক্ত হলে মাধ্যমিক স্তরে নিয়োগপ্রাপ্ত কোনো বিষয়ের শিক্ষককে ওই প্রতিষ্ঠানের নিম্নমাধ্যমিক স্তরের শূন্যপদে একই বিষয়ে সমন্বয় করা যাবে। এরকমভাবে আরও বেশ কিছু ক্ষেত্রে পরিবর্তন করা হয়েছে।